গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা
পরিবহন পুল ভবন
বাংলাদশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

নং-৩২.০০.০০০০.০৫৬.০৬.০১৬.১৮-১১৪ তারিখঃ ২৩/০৩/২০২০ খ্রি.।

বিষয়: "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী প্রেরণ।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভা গত ২৭/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২৩/৩/২০২০
(খালেদা বেগম)
সিনিয়র সহকারিসচিব
ফোন নং-৯৫৫৯৭৭৪।
(e-mail: dev-1@mowca.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। সচিব, অর্থ বিভাগ।
০২। সচিব, পরিকল্পনা বিভাগ।
০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৪। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। যুগ্মসচিব (উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
০৮। মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ণ সেক্টর-৭, আইএমইডি, শেরে বাংলা নগর।
০৯। যুগ্মপ্রধান, স্কাইসোয়াম উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১০। অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, কিশোর কিশোরী ক্লাব স্থাপন' প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
১২। উপপ্রধান (পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। উপপ্রধান (পরিকল্পনা-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে :
০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা
পরিবহন পুল ভবন
বাংলাদশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

বিষয় : কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী।
সভাপতি : কাজী রওশন আক্তার , সচিব , মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ২৭/০২/২০২০ খ্রিঃ , সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং -৬, কক্ষ নং – ৩২৩, চতুর্থ তলা), বাংলাদেশ সচিবালয়।
উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট- 'ক'।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। এ প্রকল্পের মাধ্যমে বাল্য বিবাহ প্রতিরোধ ও জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধ, প্রজনন স্বাস্থ্য ও অধিকার, জন্মনিবন্ধন, বিবাহ নিবন্ধন, যৌতুক, ইভটিজিং, শিশু অধিকার, নারী অধিকার, জেন্ডারভিত্তিক বৈষম্য কমানো, যৌন নির্যাতন ও নিপীড়ন প্রতিরোধ, পরিবার পরিকল্পনা, মাদকাসক্তি, নারী ও শিশু পাচার প্রতিরোধ, এইচআইভি/এইডস প্রতিরোধে অপার সম্ভাবনা রয়েছে। তিনি প্রকল্পের কার্যক্রমকে আরো গতিশীল ও ফলপ্রসু করণের জন্য সকলকে আন্তরিক হওয়ার নির্দেশ প্রদান করেন। এরপর সভাপতির অনুমতিক্রমে কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনা শুরু করেন।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১.১ | কমিটি কর্তৃক প্রতিবেদন অনুমোদন সংক্রান্ত আলোচনা। | উপ-প্রকল্প পরিচালক সভায় জানান যে, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ক্লাবের নাস্তা, বইপত্র ও সাময়িকী, স্যানিটেশন সামগ্রী, মটরসাইকেল, সাংস্কৃতিক উপকরণ, ক্রীড়া সামগ্রী, ক্লাবের অন্যান্য মনিহারি, আসবাবপত্র ও বাইসাইকেল ক্রয়ের নিমিত্ত বাজার মূল্য যাচাইয়ের জন্য মন্ত্রণালয় কর্তৃক তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি উল্লিখিত উপকরণসমূহের বাজার মূল্য যাচাই করে প্রতিবেদন প্রস্তুত করেছেন। প্রতিবেদনে ক্লাবের নাস্তা বাবদ জন প্রতি ৩০ টাকা হিসাবে, বইপত্র ও সাময়িকী (৫০০০ টাকা ও ১২০০ টাকা), স্যানিটারী ন্যাপকিন ৪০ টাকা হিসাবে, মটরসাইকেল ১২৮ টি (১১০ সিসি), বাদ্যযন্ত্র (হারমোনিয়াম ১২০০০ টাকা, তবলা ৪৫০০ টাকা), খেলার উপকরণ (লুডু ৫০ টাকা, দাবা ৩০০ টাকা ও ক্যারামবোর্ড ২১০০ টাকা), ক্লাবের অন্যান্য মনিহারি (আইডি কার্ড ৫০ টাকা, রেজিস্টার বুক ১০০ টাকা, সনদ ১০০ টাকা), আসবাবপত্র (বুক সেলফ ১০০০০ টাকা, পিন বোর্ড ২৫০০ টাকা ও সিলিং ফ্যান ২৬৫০ টাকা) ও বাইসাইকেল ৯২০০ টাকা হিসাবে ক্রয়ের কথা প্রতিবেদনে উল্লেখ করেছেন। প্রতিবেদনটিতে কয়েকটি উপকরণের মূল্যের পরিমাণ সংশোধন করে প্রতিবেদনটি অতিরিক্ত সচিব (উন্নয়ন ও | **সিদ্ধান্ত:**<br>১। প্রতিবেদনটি অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) এর স্বাক্ষরে প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করতে হবে।<br>২। প্রতিবেদন অনুযায়ী ক্লাবের নাস্তা, স্যানিটেশন সামগ্রী, সাংস্কৃতিক উপকরণ, ক্রীড়া সামগ্রী, ক্লাবের অন্যান্য মনিহারি, আসবাবপত্র এর বরাদ্দ দ্রুত উপজেলা পর্যায়ে প্রেরণ করতে হবে।<br>৩। বইপত্র ও সাময়িকী বাংলা একাডেমি, শিশু একাডেমি, নজরুল ইনস্টিটিউট, শিল্পকলা একাডেমি হতে সরাসরি ক্রয় করে ক্লাবে প্রেরণ করতে হবে।<br>৪। ফিল্ড সুপারভাইজারদের জন্য ১০০ টি মটরসাইকেল ও ২৮ টি স্কুটি (১১০ সিসি) সরকারি প্রতিষ্ঠান হতে সরাসরি ক্রয় ও বিতরণ করতে হবে। |

| ক্র: | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর স্বাক্ষরে প্রেরণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | ৫। জেন্ডার প্রোমোটারদের জন্য বরাদ্দকৃত বাইসাইকেল মাঠ পর্যায়ে জরীপ পরিচালনা করে চাহিদার ভিত্তিতে ক্রয় ও বিতরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী:**<br>প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প। |
| ১.২ | নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা | নারী উদ্যোক্তা প্রশিক্ষণের নিমিত্ত প্রতি উপজেলা হতে ২ জন নারী উদ্যোক্তার নামের তালিকা গত ২৫/০১/২০২০ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক বরাবর প্রেরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করা হয়েছিল। সে প্রেক্ষিতে প্রতিটি উপজেলা হতে দুই জন করে নারী উদ্যোক্তার নামের তালিকা পাওয়া গেছে। নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণের নিমিত্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ মডিউল না থাকার কারণে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হচ্ছে না। | **সিদ্ধান্ত:**<br>নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণের জন্য দ্রুত একটি মডিউল প্রস্তুত করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী:**<br>প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প। |
| ১.৩ | ক্লাব পরিচালনার জন্য প্রশিক্ষণ মডিউল সংক্রান্ত আলোচনা | কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক বলেন যে, কিশোর-কিশোরী ক্লাব সমূহে বিভিন্ন প্রশিক্ষণ যেমন জেন্ডার প্রোমোটারদের টিওটি প্রশিক্ষণ, ক্লাব সদস্যদের ক্যারাটে প্রশিক্ষণের কথা উল্লেখ রয়েছে। কিন্তু প্রশিক্ষণ মডিউল না থাকার কারণে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না বলে উল্লেখ করা হয়। যত দ্রুত সম্ভব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের এপিসি প্রকল্প হতে ক্লাব পরিচালনার জন্য প্রশিক্ষণ মডিউল ও ক্লাব পরিচালনার কারিকুলাম প্রেরণের ব্যবস্থা করার বিষয়ে সভার সকল সদস্য একমত পোষণ করেন। | **সিদ্ধান্ত:**<br>যত দ্রুত সম্ভব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের এপিসি প্রকল্প হতে প্রশিক্ষণ মডিউল ও ক্লাব পরিচালনার কারিকুলাম দ্রুততম সময়ের মধ্যে চূড়ান্ত করে ক্লাবে প্রেরণের ব্যবস্থা করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী:**<br>প্রকল্প পরিচালক, এপিসি প্রকল্প, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ১.৪ | <u>বিবিধ-১.</u> স্কুটি ক্রয় সংক্রান্ত আলোচনা। | কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক সভায় উল্লেখ করেন যে, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের অধীনে ১২৮ জন ফিল্ড সুপারভাইজার জেলা পর্যায়ে কর্মরত আছেন এবং প্রত্যেক ফিল্ড সুপারভাইজারদের জন্য ১ টি করে মটরসাইকেল বরাদ্দ রয়েছে। ১২৮ জন ফিল্ড সুপারভাইজারদের মধ্যে ২৬ জন মহিলা ফিল্ড সুপারভাইজার যোগদান করেছেন। সে ক্ষেত্রে মহিলা ফিল্ড সুপারভাইজারদের জন্য ২৮ টি মটর সাইকেলের পরিবর্তে ২৮ টি স্কুটি দেয়ার বিষয়ে প্রস্তাব করেন। সভার সকল সদস্যগণ ২৮ টি মটর সাইকেলের পরিবর্তে ২৮ টি স্কুটি ক্রয়ের বিষয়ে একমত পোষণ করেন। এছাড়া অবশিষ্ট ১০০ জন ফিল্ড সুপারভাইজারের জন্য ১০০টি মটর সাইকেল সরকারী প্রতিষ্ঠান হতে ক্রয় করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। | **সিদ্ধান্ত:**<br>মহিলা ফিল্ড সুপারভাইজারদের জন্য ২৮ টি স্কুটিসহ মোট ১২৮ টি মটরসাইকেল (১১০ সিসি) সরকারি প্রতিষ্ঠান হতে সরাসরি ক্রয় ও বিতরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী:**<br>প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | বিবিধ-২. অফিস সহায়ক নিয়োগ সংক্রান্ত | উপ-প্রকল্প পরিচালক বলেন যে কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় প্রকল্প অফিসের জন্য ডিপিপিতে ০৩ (তিন) জন অফিস সহায়ক, ০৩ (তিন) জন ড্রাইভার ও ০১ (এক) জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের কথা উল্লেখ রয়েছে। আউটসোসিং নীতিমালা ২০০৮ অনুযায়ী উক্ত পদসমূহে আউটসোসিং পদ্ধতিতে নিয়োগ প্রর্দান করার নিমিত্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। যার ফলে উক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে চূড়ান্ত পর্যায়ে এসে অর্থ মন্ত্রণালয় ২০১৮-১৯ অর্থ বছরে আউটসোসিং নীতিমালা ২০১৮ প্রকাশ করেন। আউটসোর্সিং নীতিমালা ২০১৮ অনুযায়ী ড্রাইভার ও পরিচ্ছন্নতা কর্মী পদে আউটসোর্সিং পদে নিয়োগ প্রদান করা যাবে এবং অর্থ বিভাগের অনুমতি সাপেক্ষে অফিস সহায়ক পদে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাবে। সে কারণে উক্ত পদসমূহে চূড়ান্তভাবে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি। সভায় সদস্যগণ অর্থ বিভাগের অনুমতি নিয়ে অফিস সহায়ক পদে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগ দেয়ার বিষয়ে একমত পোষণ করেন। | **সিদ্ধান্ত:**<br>আউটসোর্সিং পদ্ধতিতে অফিস সহায়ক পদে নিয়োগের জন্য অর্থ বিভাগের অনুমতি ক্রমে ০৩ (তিন) জন অফিস সহায়ক, ০৩ (তিন) জন ড্রাইভার ও ০১ (এক) জন পরিচ্ছন্নতা কর্মী আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগ প্রদান করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী:**<br>প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প |
| | বিবিধ-৩. অফিস সরঞ্জাম ক্রয় সংক্রান্ত (প্রকল্প কার্যালয়) | উপ-প্রকল্প পরিচালক সভায় উল্লেখ করেন যে, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের প্রকল্প কার্যালয়ের জন্য অফিস সরঞ্জাম (ডেস্কটপ কম্পিউটার ০৮ টি, ল্যাপটপ ০৬ টি, ফটোকপিয়ার মেশিন ০৫ টি, স্ক্যানার ০২ টি, এসি ০২ টি, মাল্টিমিডিয়া প্রোজেক্টার ও স্কীন ০১ টি) ক্রয়ের কথা উল্লেখ রয়েছে। অফিস সরঞ্জাম ক্রয়ের নিমিত্ত ইজিপি (e-GP)'তে টেন্ডার আহবান করা হলেও কোন দরদাতা রেসপনসিভ না হওয়ায় টেন্ডার কার্যক্রম বন্ধ হয়ে যায়। যার কারণে প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পন্ন করতে নানা সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। প্রকল্পের অফিস সরঞ্জাম ব্যতিত সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্ন করা দুরুহ বিধায় যত দ্রুত সম্ভব ক্রয় কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সভায় সদস্যগণ একমত প্রকাশ করেন। | **সিদ্ধান্ত:**<br>প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে অফিস সরঞ্জাম ক্রয়ের নিমিত্ত পুনরায় টেন্ডার কার্যক্রম গ্রহণের বিষয়ে কার্যক্রম গ্রহন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী:**<br>প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/০৬/২০২০

(কাজী রওশন আক্তার)
সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
ও
সভাপতি, প্রকল্প স্টিয়ারিং কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
Email: pdkishori2018@gmail.com

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের" ২৭/০২/২০২০ ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকায় প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় উপস্থিত সদস্যদের হাজিরা:

| ক্রমিক নং | নাম, পদবি ও দপ্তর | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | পারভীন আকতার<br>DG, DWA | 01733217994<br>pakhter@gmail.com | [signature] |
| ২ | ফরিদা পারভীন<br>অতিরিক্ত সচিব<br>(পরি. ও উন্নয়ন) | ০১৫৫২-৩১০১০৮<br>muna.parvin@yaho.com | [signature]<br>29/02/2020 |
| ৩ | মোছা: মা[illegible] ইসমত আরা<br>উপসচিব, [illegible]<br>পরিকল্পনা বিভাগ | 01712293877<br>mazeda22@gmail.com | [signature]<br>[illegible]/২০ |
| ৪ | নাসমা মোবারেক<br>যুগ্মসচিব, অর্থ বিভাগ | ০১৭১৬৫০৮৩০০<br>Aatmamobarek@yahoo.co.uk | [signature]<br>29.2.20 |
| ৫ | এম এম শাকিল আখতার<br>উপ প্রধান, [illegible] | ০১৭১২৬৬৪৪৯৯ | [signature]<br>29.2.2020 |
| ৬ | মো: মাহমুদ আলী<br>উপ সচিব | 01818641464 | [signature]<br>29.2.2020 |
| ৭ | মো: হেলাল খান<br>মূল্যায়ন কর্মকর্তা | 0171?-654310 | [signature]<br>29.2.2020 |
| ৮ | [illegible] বেগম<br>সি: সহকারী সচিব (বা: ১) | ০১৭২৭-১৭৪১৩৯ | [signature]<br>29/2/2020 |

| | | | |
|---|---|---|---|
| ৯ | মোঃ সাহাদাত হোসেন, সচিবের একান্ত সচিব, সমিবিম | ০১৮১৯-৪৪৫৯৪০ shahadat.bd33@gmail.com | 29.02.20 |
| ১০ | এস.এম. টিপু সুলতান, প্রশাসনিক কর্মকর্তা, সমিবিম (প্র:-১) | ০১৭১১-২৮০৮৮৫ | 29/2/20 |
| ১১ | ইসমত আরা, সহকারী প্রোগ্রামার | 01911373167 | 29/02/2020 |
| ১২ | মো: আব্দুল ওয়াদুদ, সহকারী পরিচালক (অতি: দা:) | 01776225500 | 29/02/202 |
| ১৩ | | | |
| ১৪ | | | |
| ১৫ | | | |
| | | | |
| | | | |